## **Times Today BD**

মঞ্জুরুল ইসলাম | দেশজুড়ে | 26 June, 2025

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে স্কুল ছাত্রীকে (১৩) ধর্ষণ মামলায় জহিরুল ইসলাম (৩৫) নামে এক যুবককে গ্রেপ্তার করেছে র্যাব।

গ্রেপ্তার জহিরুল ইসলাম উপজেলার আশ্রবপুর গ্রামের মৃত জুবেদ আলীর ছেলে।

বৃহস্পতিবার (২৬ জুন) তুপুরে ময়মনসিংহ র্যাব-১৪ কার্যালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

এর আগে গত বুধবার গাজীপুর জেলার বাসন থানা এলাকায় অভিযান চালিয়ে জহিরুল ইসলামকে গ্রেপ্তার করে র্যাব।

র্যাব-১৪'র অতিরিক্ত পুলিশ সুপার মো. শামসুজ্জামান বলেন, গত ২৭ মে মধ্যরাতে জহিরুল ইসলাম ১৩ বছর বযসী এক স্কুল ছাত্রীকে নিজ বাড়ির পরিত্যাক্ত একটি রুমে নিয়ে জোড়পুর্বক ধর্ষণ করে।এ ঘটনার পর ভিক্তিমের বাবা বাদী হয়ে ঈশ্বরগঞ্জ থানায় মামলা দায়ের করেন।মামলার পর র্যাব-১ এর সহায়তায় গাজিপুরের বাসন থানা এলাকা থেকে জহিরুল ইসলাম গ্রেপ্তার করে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।

ধর্ষণ স্কুল ছাত্রী ঈশ্বরগঞ্জ ময়মনসিংহ

## Generated on 26 June, 2025 21:13

URL: https://timestodaybd.com/across-the-country/7758073749